



তথ্য প্রদান ইউনিট ডুয়েট, গাজীপুর।

স্মারক নং- ঢাপ্রপ্রবি/প(গওস/তপ্রই/২০২৩/৪৮

তারিখঃ ১৪ মার্চ, ২০২৩ খ্রি.

নোটিশ

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ১৬/০৩/২০২৩ খ্রি. তারিখ, রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় Institutional Quality Assurance Cell (IQAC) ও তথ্য প্রদান ইউনিট কর্তৃক “তথ্য অধিকার আইন” বিষয়ক প্রশিক্ষণ **Online Zoom Application** এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. হাবিবুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অধ্যাপক ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী, আহ্বায়ক, তথ্য প্রদান ইউনিট ও পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ), ডুয়েট, গাজীপুর। উক্ত প্রশিক্ষণে সভাপতিত্ব করবেন অধ্যাপক ড. মো. রাজু আহমেদ, টিম লিডার, এপিএ টিম ও পরিচালক, আইকিউএসি। রিসোর্স পার্সন হিসেবে প্রশিক্ষণটি পরিচালনা করবেন এম. আমিনুর রহমান, সিনিয়র ম্যানেজমেন্ট কাউন্সিলর ও ডিভিশনাল হেড, অ্যাকাউন্টিং অ্যান্ড ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ডিভিশন, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)।

উল্লিখিত প্রশিক্ষণে অত্র বিশ্ববিদ্যালয়ের এপিএ টিম, সংশ্লিষ্ট সকল কমিটির সদস্য এবং স্ব-স্ব ডিন/ বিভাগীয় প্রধান/ পরিচালক/ সকল অফিসের এপিএ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট/ প্রতিনিধি অংশগ্রহণ করবেন। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে নিম্নোক্ত **Zoom** আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

Link:

<https://bdren.zoom.us/j/9336082008?pwd=azlnSE11d0NubWNCSFZGK0FPKy8ydz09>

Meeting ID: 933 608 2008

Password: 599180

অধ্যাপক ড. মোঃ রাজু আহমেদ
টিম লিডার, এপিএ টিম ও
পরিচালক, আইকিউএসি
ডুয়েট, গাজীপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল-

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর।
- ২। প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর।
- ৩। সকল ডিন, ডুয়েট, গাজীপুর (আপনার অফিসের এপিএ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট/ প্রতিনিধিকে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অবহিত করার অনুরোধসহ)।
- ৪। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ইনস্টিটিউট প্রধান/ অফিস প্রধান (আপনার অফিসের এপিএ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট/ প্রতিনিধিকে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অবহিত করার অনুরোধসহ)।
- ৬। এপিএটিম ও এপিএ সংশ্লিষ্ট সকল কমিটির সদস্য, ডুয়েট, গাজীপুর।
- ৭। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। অফিস প্রধান, প্রকৌশল অফিস (সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
- ৯। সংরক্ষণ নথি।

মোছা. কামরুন নাহার

ফোকাল পয়েন্ট, তথ্য প্রদান ইউনিট ও
সিনিয়র সহকারী পরিচালক
পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) অফিস, ডুয়েট, গাজীপুর।